

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৩.২৩-৫০৪

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১
২৫ এপ্রিল ২০২৪

বিষয়: সৌদি আরবে বাড়ি/হোটেল ভাড়া নিমিত্ত মোনাঞ্জেম ভিসা (মিশন ভিসা) সংক্রান্ত।

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৩.২৩-৪৭৫; তারিখ: ২২ এপ্রিল ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৪ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণকারী ২৫৯ টি এজেন্সি/ লিড এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সৌদি আরবে হজযাত্রীদের জন্য বাড়ি/হোটেল ভাড়া সহ হজের যাবতীয় কার্যক্রম সম্পাদনের নিমিত্ত মোনাঞ্জেমদের সৌদি আরবে গমনের জন্য মিশন ভিসা দেয়া হচ্ছে। ভিসা ফি, ইন্সুরেন্স ফি ও ইলেক্ট্রনিক সার্ভিস ফি বাবদ মোট ১২,০০০ (বারো হাজার) টাকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নম্বর-০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Haj Deposit) এ জমাদান পূর্বক জমার মূল রশিদ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ শাখায় জমা দিলে তাৎক্ষণিক মোনাঞ্জেম এর অনুকূলে মিশন ভিসার জি.ও ইস্যু করা হচ্ছে। গত ২৪ এপ্রিল ২০২৪ পর্যন্ত ১৯ জন মোনাঞ্জেম/এজেন্সি প্রতিনিধি এ জি.ও গ্রহণ করেছেন। মোনাঞ্জেমগণ ব্যতীত যে সকল সমন্বয়কারী এজেন্সির হাজী সংখ্যা ১০০ (একশত) জন বা এর অধিক তারাও আবেদন করলে এ ভিসার জি.ও জারি করা হবে।

০২। নির্ধারিত সময়ের মধ্যে হজযাত্রীদের ভিসা ও বাড়ি/হোটেল ভাড়া করার সুবিধার্থে প্রয়োজনে সৌদি আরবে গমনের নিমিত্ত এ ভিসার সুবিধা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৫.০৪.২০২৪
মুহাঃ আবু তাহির
সিনিয়র সহকারী সচিব
ফোন :+৮৮-০২-৫৫১০১১১৯
morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার

২০২৪ সনের হজ কার্যক্রমে অংশগ্রহণকারী এজেন্সি/লিড এজেন্সি।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৫. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৬. মান্যবর কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব জেদ্দা, সৌদি আরব
৭. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৮. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (হজ মিশন ভিসা ইস্যুর জিও, পাসপোর্ট ও ফরম-৭ পূরণপূর্বক জমা দিলে জরুরি ভিত্তিতে তাদের ভিসার ব্যবস্থা করবেন)
৯. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
১০. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, বিডিবিএল ভবন, ১২ কাওরান বাজার, ঢাকা (হজ পোর্টাল প্রকাশের অনুরোধসহ)
১৪. অফিস কপি